রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, জুন ১০, ২০২১**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়**
**পরিবেশ অধিশাখা-২**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২০ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ/ ০৩ জুন, ২০২১ খ্রিস্টাব্দ

**এস. আর. ও. নং ১৮৭ -আইন/২০২১।**—বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১ নং আইন) এর ধারা ২০, ধারা ৬গ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ।**—(১) এই বিধিমালা ঝুঁকিপূর্ণ বর্জ্য (ই-বর্জ্য) ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা অবিলম্বে কার্যকর হইবে।

(৩) এই বিধিমালা তফসিল ১ এ বর্ণিত ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য উৎপাদন, বিপণন, ক্রয়, বিক্রয়, আমদানি, রপ্তানি, মজুদ, গবেষণাগারে গবেষণার জন্য মজুদ, পরিত্যজন, মেরামত, প্রক্রিয়াজাতকরণ এবং পরিবহন বা এতদ্‌সংক্রান্ত যাবতীয় কার্যক্রমের সহিত জড়িত ব্যক্তিগণের ক্ষেত্রে প্রযোজ্য হইবে:

তবে শর্ত থাকে যে, এই বিধিমালার কোনো কিছুই বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ (২০১২ সনের ১৯ নং আইন) দ্বারা নিয়ন্ত্রিত তেজস্ক্রিয় বর্জ্যের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) "অধিদপ্তর" অর্থ আইনের ধারা ৩ এর উপ-ধারা (১) এর অধীন স্থাপিত পরিবেশ অধিদপ্তর;

(২) "আইন" অর্থ বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১নং আইন);

(৩) ''ইলেকট্রিক্যাল পণ্য" বা "ইলেকট্রনিক পণ্য'' অর্থ তফসিল ১ এ বর্ণিত এমন পণ্য যাহার উৎপাদন, হস্তান্তর এবং পরিমাপ সংক্রান্ত কার্যকলাপ বিদ্যুৎ শক্তি এবং বিদ্যুৎ চৌম্বকক্ষেত্রের উপর নির্ভরশীল;

(৪) ''ই-বর্জ্য'' অর্থ তফসিল ১ এ বর্ণিত কোনো ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক সামগ্রী যাহার অর্থনৈতিক জীবন সমাপ্ত হইয়াছে অথবা ব্যবহারকারীর নিকট যাহার প্রয়োজন বা উপযোগিতা সমাপ্ত হইয়াছে অথবা যাহা উৎপাদন প্রক্রিয়ায় বাদ পড়িয়াছে বা অপ্রয়োজনীয় বিবেচনায় ফেলিয়া দেয়া হইয়াছে;

(৫) ''ই-বর্জ্যের পরিবেশসম্মত ব্যবস্থাপনা'' অর্থ ই-বর্জ্য সংগ্রহ, পরিবহন, পুনঃপ্রক্রিয়াজাতকরণ, পুনঃব্যবহার এবং পরিত্যজন বা ধ্বংসকরণের সমন্বিত প্রক্রিয়া যাহা পরিবেশ এবং জনস্বাস্থ্যকে ই-বর্জ্যের বিরূপ প্রভাব হইতে রক্ষা করে;

(৬) ''চূর্ণকারী (dismantler)'' অর্থ পরিত্যক্ত বা ব্যবহৃত ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য বা ইহার অংশবিশেষ ভাঙার কাজে নিয়োজিত কোনো ব্যক্তি;

(৭) "তফসিল" অর্থ এই বিধিমালার কোনো তফসিল;

(৮) ''নিবন্ধন'' অর্থ বিধি ১০ এর অধীন নিবন্ধিত ই-বর্জ্য উৎপাদন, পরিচালনা, সংগ্রহ, গ্রহণ, মজুদ, পরিবহন, প্রক্রিয়াকরণ, পুনঃব্যবহারোপযোগীকরণ, চূর্ণকরণ, পুনঃচক্রায়ন এবং পরিত্যজন বা ধ্বংসকরণের জন্য প্রদত্ত নিবন্ধন;

(৯) ''নিলাম বিক্রয়'' অর্থ ব্যবহৃত ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য বা পণ্যের অংশবিশেষ টেন্ডার, নিলাম বা ব্যক্তিগত চুক্তির মাধ্যমে ব্যক্তি, কোম্পানি বা সরকারি কোনো বিভাগ কর্তৃক বিক্রয়;

(১০) "পুনঃপ্রক্রিয়াজাতকারী (recycler)'' অর্থ কোনো ব্যক্তি যিনি পুনঃব্যবহারোপযোগী ও পুনরুদ্ধারের জন্য ই-বর্জ্যের প্রক্রিয়াজাতকরণ কার্যে নিয়োজিত;

(১১) ''প্রস্তুতকারক'' অর্থ কোনো ব্যক্তি যিনি—

(ক) নিজস্ব ব্র্যান্ডের অধীন ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য উৎপাদন, বিক্রয়, মজুদ ও বিপণন করিয়া থাকেন; বা

(খ) অন্য কোনো প্রস্তুতকারকের বা সরবরাহকারীর ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য নিজ ব্র্যান্ডের অধীন উৎপাদন, বিক্রয়, মজুদ ও বিপণন করিয়া থাকেন;

(১২) ''পরিবহনকারী (transporter)'' অর্থ আকাশ, রেল, সড়ক বা নৌ পথে ই-বর্জ্য বহনকারী কোনো ব্যক্তি;

(১৩) "ফরম" অর্থ এই বিধিমালার কোনো ফরম;

(১৪) ''বড় ব্যবহারকারী ভোক্তা'' অর্থ ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্যের অধিক ব্যবহারকারী মন্ত্রণালয়, বিভাগ, সরকারি দপ্তর, বহুজাতিক কোম্পানি, ব্যাংক, শিক্ষা প্রতিষ্ঠান, বেসরকারি কোম্পানি এবং আন্তর্জাতিক প্রতিষ্ঠান;

(১৫) ''ব্যক্তি'' অর্থ কোনো ব্যক্তি বা ব্যক্তিবর্গ এবং সংবিধিবদ্ধ হউক বা না হউক, কোনো কোম্পানি, সমিতি বা সংস্থাও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(১৬) ''ব্যবসায়ী" বা "বিক্রেতা'' অর্থ কোনো ব্যক্তি যিনি ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য বিক্রয় করিয়া থাকেন বা কোনো ভোক্তা, অধিক ব্যবহারকারী, অন্যান্য ব্যবসায়ী বা প্রস্তুতকারকের পক্ষে খুচরা বিক্রেতাগণের নিকট হইতে ই-বর্জ্য ফেরত লইয়া থাকেন;

(১৭) ''মেরামত'' অর্থ ব্যবহৃত বা পুরাতন ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য পুনরায় ব্যবহার ও বাজারে বিক্রয়ের জন্য মেরামত করা;

(১৮) ''মেরামতকারী (refurbisher)'' অর্থ মেরামত কাজে নিয়োজিত কোনো ব্যক্তি;

(১৯) ''রপ্তানিকারক'' অর্থ কোনো ব্যক্তি যিনি ই-বর্জ্য অন্য দেশে রপ্তানি করেন এবং যে দেশ বা দেশের অধীন কোনো স্থান হইতে রপ্তানি করা হয় সেই দেশও রপ্তানিকারক বলিয়া গণ্য হইবে;

(২০) ''লক্ষ্যমাত্রা'' অর্থ তফসিল ২ এ বর্ণিত লক্ষ্যমাত্রা;

(২১) ''সংগ্রহ কেন্দ্র'' অর্থ ই-বর্জ্য সংগ্রহের নিমিত্ত স্থাপিত কেন্দ্র; এবং

(২২) ''সংযোজনকারী'' অর্থ কোনো ব্যক্তি যিনি নিজস্ব ব্র্যান্ডের অধীন ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য সংযোজন, মজুদ ও বিপণন করিয়া থাকেন।

৩। **প্রস্তুতকারক বা সংযোজনকারীর দায়িত্ব**।—প্রস্তুতকারক বা সংযোজনকারীর দায়িত্ব হইবে নিম্নরূপ, যথা:—

(ক) ই-বর্জ্য পুনঃব্যবহারোপযোগী বা ধ্বংস করিবার নিমিত্ত সংগ্রহ;

(খ) সকল ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্যে দেশের কোড, ক্রমিক নম্বরসহ কোম্পানি কোড বা ব্যক্তিগত পরিচয় ব্যবহার;

(গ) মেরামতকারী, চূর্ণকারী বা পুনঃব্যবহারোপযোগীকরণকারী বরাবর ই-বর্জ্য সরবরাহ;

(ঘ) ফ্লুরোসেন্ট এবং মারকারী যুক্ত ল্যাম্পসমূহের ক্ষেত্রে যেখানে পুনঃচক্রায়নকারী পাওয়া যায় না সেক্ষেত্রে উক্ত ই-বর্জ্য মজুদ এবং নিষ্পত্তি সুবিধার (disposal facility) লক্ষ্যে সংগ্রহ কেন্দ্রে সরবরাহ;

(ঙ) ই-বর্জ্য রাখিবার জন্য ব্যক্তিগত পর্যায়ে বা সমন্বিতভাবে সংগ্রহ কেন্দ্র স্থাপন;

(চ) ই-বর্জ্যের পরিবেশসম্মত সুষ্ঠু ব্যবস্থাপনার ব্যয় নির্বাহের জন্য ব্যক্তিগত বা যৌথ উদ্যোগে অর্থায়নের ব্যবস্থা রাখা;

(ছ) ই-বর্জ্য মজুদ এবং পরিবহনের সময় পরিবেশ ও প্রতিবেশ ব্যবস্থার যাহাতে কোনো ধরনের ক্ষতি সাধিত না হয় বা ক্ষতি সাধনের সুযোগ না থাকে, সে লক্ষ্যে অধিদপ্তর কর্তৃক, সময় সময়, প্রণীত নির্দেশিকা অনুসরণ;

(জ) ই-বর্জ্য সঠিকভাবে ব্যবস্থাপনার সুবিধার্থে ব্যবসায়ী বা বিক্রেতা এবং নিবন্ধিত সংগ্রহ কেন্দ্রের নাম, ঠিকানা, টেলিফোন নম্বর এবং ই-মেইল নম্বর, ইত্যাদি পণ্যের গায়ে বা মোড়কের গায়ে উল্লেখ অথবা ভোক্তা ও বড় ব্যবহারকারী ভোক্তাগণের নিকট সরবরাহ;

(ঝ) নিম্নবর্ণিত বিষয়ে প্রকাশনা, লিফলেট, তথ্য সংবলিত বুকলেট, বিজ্ঞাপন পোস্টার এবং ডিজিটাল পদ্ধতি (ওয়েবসাইট, ইমেইল, এসএমএস, ইত্যাদি) এর মাধ্যমে সচেতনতা সৃষ্টি—

(অ) ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য বা পদার্থের বিপজ্জনক উপাদানসমূহের তথ্য;

(আ) ই-বর্জ্যের সঠিক ব্যবস্থাপনা, চূর্ণ বা পরিত্যাগ না করা বা পুনঃব্যবহারোপযোগী না করিবার ঝুঁকি সম্পর্কীয় তথ্য যাহা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ অনুযায়ী পরিবেশ ও প্রতিবেশ ব্যবস্থা, জনস্বার্থ ও জনস্বাস্থ্যের ক্ষতি সাধন করিতে পারে;

(ঞ) প্রযোজ্য ক্ষেত্রে—

(অ) ভোক্তা কর্তৃক মেয়াদোত্তীর্ণ, অব্যবহৃত বা অকেজো হইবার কারণে তফসিল ১ এ উল্লিখিত ইলেক্ট্রিক্যাল এবং ইলেক্ট্রনিক পণ্য ফেরত প্রদানের সময় ভোক্তাকে, সরকার কর্তৃক সময় সময় নির্ধারিত অর্থ, প্রণোদনা হিসাবে প্রদান;

(আ) নিবন্ধনের আবেদনের সময় ফরম-১ অনুযায়ী ই-বর্জ্য ব্যবস্থাপনার নিমিত্ত পরিকল্পনা দাখিল; এবং

(ই) তফসিল ২ এ বর্ণিত লক্ষ্যমাত্রা অনুসরণ।

৪। **মজুদকারী বা ব্যবসায়ী বা দোকানদারের দায়িত্ব।**—প্রত্যেক মজুদকারী বা ব্যবসায়ী বা দোকানদার ই-বর্জ্য নিরাপত্তার সহিত সংগ্রহ এবং নিরাপদ পরিবহনের মাধ্যমে সংগ্রহ কেন্দ্রে প্রেরণ করিবেন।

৫। **মেরামতকারীর দায়িত্ব।**—প্রত্যেক মেরামতকারী মেরামত প্রক্রিয়ায় উৎপন্ন ই-বর্জ্য সংগ্রহ করিবেন এবং উহা সংগ্রহ কেন্দ্রে প্রেরণ করিবেন।

৬। **সংগ্রহ কেন্দ্রের দায়িত্ব।**—সংগ্রহ কেন্দ্রের দায়িত্ব হইবে নিম্নরূপ, যথা:—

(ক) পরিবেশসম্মত উপায়ে ই-বর্জ্য সংগ্রহ;

(খ) প্রস্তুতকারক, সংযোজনকারী, মেরামতকারী, চূর্ণকারী বা পুনঃব্যবহারোপযোগীকরণকারীর নিকট প্রেরণের পূর্বে সংগৃহীত ই-বর্জ্য পরিবেশসম্মত উপায়ে নিরাপদে সংরক্ষণ;

(গ) ই-বর্জ্য নিরাপদে পরিবহন; এবং

(ঘ) সংগ্রহ কেন্দ্রের ঠিকানা, টেলিফোন ও হেল্পলাইন নম্বর, ই-মেইল, ইত্যাদি জনসাধারণের নিকট সরবরাহ।

৭। **ব্যক্তিগত ভোক্তা বা বড় ব্যবহারকারী ভোক্তার দায়িত্ব।**—ভোক্তা বা বড় ব্যবহারকারী ভোক্তার দায়িত্ব হইবে নিম্নরূপ, যথা:—

(ক) ই-বর্জ্য কোনো নির্দিষ্ট দোকানদার, ব্যবসায়ী, মজুদকারী বা কোনো সংগ্রহ কেন্দ্রের নিকট জমা প্রদান; এবং

(খ) ই-বর্জ্য নিলামে বিক্রয় করা বা কোনো নির্দিষ্ট ব্যবসায়ী, সংগ্রহ কেন্দ্র, মেরামতকারী, চূর্ণকারী, পুনঃব্যবহারোপযোগীকরণকারী বা মেরামত সুবিধা প্রাপ্তির জন্য প্রস্তুতকারকের নিকট জমা প্রদান।

৮। **চূর্ণকারীর দায়িত্ব** ।—প্রত্যেক চূর্ণকারীর দায়িত্ব হইবে নিম্নরূপ, যথা:—

(ক) বিধি ১০ ও ১২ অনুযায়ী নিবন্ধন ও পরিবেশগত ছাড়পত্র গ্রহণ;

(খ) পরিবেশ এবং জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর নয় এইরূপে ই-বর্জ্য সংরক্ষণ বা মজুদ এবং পরিবহন;

(গ) পরিবেশ বা জনস্বাস্থ্যের উপর বিরূপ প্রভাব না পড়ে এইরূপে ই-বর্জ্য চূর্ণকরণ;

(ঘ) অধিদপ্তর কর্তৃক প্রকাশিত দিক-নির্দেশনা অনুযায়ী চূর্ণ প্রক্রিয়াজাতকরণ;

(ঙ) চূর্ণ ই-বর্জ্য পৃথক করা এবং তাহা পুনরুদ্ধারের জন্য পুনঃব্যবহারোপযোগীকরণ স্থানে প্রেরণ;

(চ) পরিত্যজন বা ধ্বংসকরণ অযোগ্য উপাদান অনুমোদিত প্রক্রিয়াকরণ গুদামে বা ভস্মীভূতকরণ স্থানে প্রেরণ;

(ছ) অধিদপ্তর কর্তৃক নির্ধারিত স্থানে এবং পদ্ধতিতে ই-বর্জ্য চূর্ণকরণ;

(জ) যে সকল ই-বর্জ্য (ফ্লুরোসেন্ট এবং মারকারীযুক্ত ল্যাম্প) পূর্ণ প্রক্রিয়াকরণ সম্ভব নয় সেই সকল ই-বর্জ্য পরিবেশসম্মত উপায়ে মজুদ বা গুদামজাত এবং নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ;

(ঝ) ফ্লুরোসেন্ট এবং মারকারীযুক্ত ল্যাম্প নিষ্পত্তির পূর্বে পারদ নিশ্চল (immobilise) এবং বর্জ্য আয়তন হ্রাস করিবার লক্ষ্যে প্রয়োজনীয় প্রাক-ব্যবস্থা (pre-treatment) নিশ্চিতকরণ; এবং

(ঞ) সংশ্লিষ্ট শ্রমিকগণকে ই-বর্জ্যের স্বাস্থ্যঝুঁকি বিষয়ে অবহিতকরণ।

৯। **পুনঃপ্রক্রিয়াজাতকারীর দায়িত্ব**।—প্রত্যেক পুনঃপ্রক্রিয়াজাতকারীর দায়িত্ব হইবে নিম্নরূপ, যথা:—

(ক) আন্তর্জাতিক মান বা সরকার কর্তৃক, সময় সময়, জারীকৃত নির্দেশনা অনুসরণ;

(খ) পুনঃপ্রক্রিয়াজাতকরণের সময় উৎপাদিত উচ্ছিষ্ট বিপজ্জনক বর্জ্য প্রক্রিয়াকরণ গুদামে পরিবেশসম্মত উপায়ে গুদামজাত করা;

(গ) পরিবেশ এবং জনস্বাস্থ্যের কোনো ক্ষতি না হয় এইরূপভাবে ই-বর্জ্য সংরক্ষণ, মজুদ এবং পরিবহন;

(ঘ) পরিবেশ বা জনস্বাস্থ্যের উপর বিরূপ প্রভাব না পড়ে এইরূপে ই-বর্জ্য পুনঃপ্রক্রিয়াজাতকরণ; এবং

(ঙ) ই-বর্জ্য ব্যবস্থাপনার সহিত সংশ্লিষ্ট কর্মীগণের ই-বর্জ্যের ক্ষতিকর দিক সম্পর্কে সচেতন করা।

১০। **ই-বর্জ্য ব্যবস্থাপনার জন্য নিবন্ধন গ্রহণ, ইত্যাদি**।—(১) প্রত্যেক ই-বর্জ্য প্রস্তুতকারক, সংযোজনকারী, বড় আমদানিকারক, ব্যবসায়ী বা দোকানদার, মজুদকারী, পরিবহনকারী, মেরামতকারী, সংগ্রহ কেন্দ্র, চূর্ণকারী, পুনঃব্যবহারোপযোগীকরণকারী, নিলাম বিক্রেতা এবং রপ্তানিকারককে অধিদপ্তর হইতে নিবন্ধন গ্রহণ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত নিবন্ধন গ্রহণের জন্য ফরম-১, ফরম-২ বা, ক্ষেত্রমত, ফরম-৩ অনুযায়ী অধিদপ্তরে আবেদন করিতে হইবে।

(৩) আবেদন প্রাপ্তির পর অধিদপ্তর যদি মনে করে যে, ই-বর্জ্য নিরাপদে ব্যবস্থাপনার জন্য আবেদনকারী যথাযথ ব্যবস্থা গ্রহণ করিয়াছে এবং প্রযুক্তিগত দিক হইতে তাহাদের পর্যাপ্ত সামর্থ্য রহিয়াছে, তবে আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ফরম-৪ অনুযায়ী নিবন্ধন প্রদান করিবে।

(৪) অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কোনো কর্মকর্তা ই-বর্জ্যের পরিবেশসম্মত সুষ্ঠু ব্যবস্থাপনা প্রতিপালিত হইতেছে কিনা তাহা পর্যবেক্ষণসহ এতদ্‌সংক্রান্ত তথ্য সংরক্ষণ করিবেন এবং আগ্রহী ব্যক্তি বা ক্ষতিগ্রস্ত ব্যক্তির জন্য তথ্য প্রকাশ করিবেন।

(৫) অধিদপ্তর নিবন্ধনপ্রাপ্তগণের তালিকা ও তথ্যাদি রেজিস্টারে এবং ইলেক্ট্রনিক পদ্ধতিতে সংরক্ষণ করিবে।

১১। **নিবন্ধন স্থগিত বা বাতিলের ক্ষমতা**।—নিবন্ধন গ্রহণকারী নিবন্ধনের কোনো শর্ত বা আইন বা এই বিধিমালার কোনো বিধান লঙ্ঘন করিলে অধিদপ্তর নিবন্ধন গ্রহণকারীকে শুনানির সুযোগ প্রদান করিয়া এইরূপ নিবন্ধন বাতিল বা নির্দিষ্ট সময়ের জন্য স্থগিত করিতে পারিবে।

১২। **পরিবেশগত ছাড়পত্র গ্রহণ**।—এই বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, নিবন্ধন গ্রহণকারী প্রত্যেক ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য প্রস্তুতকারক বা সংযোজনকারী বা ই-বর্জ্য চূর্ণকারী বা পুনঃব্যবহারোপযোগীকরণকারীকে পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ এর অধীন পরিবেশগত ছাড়পত্র গ্রহণ করিতে হইবে।

১৩। **ই-বর্জ্য মজুদকরণ পদ্ধতি**।—(১) কোনো প্রস্তুতকারক, ব্যবসায়ী বা দোকানদার, সংগ্রহ কেন্দ্র, চূর্ণকারী, মেরামতকারী এবং পুনঃব্যবহারোপযোগীকরণকারী ই-বর্জ্য ১৮০ (একশত আশি) দিনের অধিক সময় মজুদ রাখিতে পারিবেন না।

(২) আবেদনকারীর আবেদনের প্রেক্ষিতে অধিদপ্তর নিম্নবর্ণিত ক্ষেত্রে উক্ত সময়সীমা আরও ৯০ (নব্বই) দিন পর্যন্ত বর্ধিত করিতে পারিবে, যথা:—

(ক) চূর্ণকারী এবং পুনঃব্যবহারোপযোগীকরণকারীর বাৎসরিক মজুদকরণ ক্ষমতা অধিক থাকিলে; এবং

(খ) যেক্ষেত্রে ই-বর্জ্যের পরিবেশবান্ধব পুনঃব্যবহারোপযোগীকরণ করিতে অধিকতর সময় প্রয়োজন।

(৩) ই-বর্জ্য মজুদকরণের ক্ষেত্রে—

(ক) পরিবেশবান্ধব পদ্ধতি অবলম্বন করিতে হইবে;

(খ) মজুদকরণ স্থানে পর্যাপ্ত অগ্নি নির্বাপণ ব্যবস্থা থাকিতে হইবে; এবং

(গ) ই-বর্জ্য যাহাতে মাটি, পানি বা বায়ুর সহিত সংমিশ্রিত না হয় তজ্জন্য সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

১৪। **ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য উৎপাদনে বিপজ্জনক পদার্থ ব্যবহারের মানমাত্রা**।—(১) প্রত্যেক ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য প্রস্তুতকারক তাহার পণ্য উৎপাদনে বিপজ্জনক পদার্থ ব্যবহারের ক্ষেত্রে এই বিধিমালার তফসিল ৩ এ বর্ণিত মানমাত্রা অনুসরণ করিবে।

(২) ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য উৎপাদনে বিপজ্জনক পদার্থ ব্যবহার এই বিধিমালা কার্যকর হইবার দিন হইতে ৫ (পাঁচ) বৎসরের মধ্যে উপ-বিধি (১) এ বর্ণিত মানমাত্রার সহিত সামঞ্জস্যপূর্ণ করিবার জন্য হ্রাস করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, সরকার প্রয়োজনে এই সময়সীমা বর্ধিত করিতে পারিবে।

(৩) ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্যে বিপজ্জনক পদার্থ ব্যবহার হ্রাসকরণের ক্ষেত্রে হ্রাসকরণ সংক্রান্ত যাবতীয় তথ্য অর্থাৎ যে সকল বিপজ্জনক পদার্থ হ্রাস করা হইয়াছে এবং যে সকল বিপজ্জনক পদার্থ বিদ্যমান রহিয়াছে তাহা পণ্য তথ্য বুকলেটে (product information booklet) সংযোজন করিতে হইবে।

১৫। **পুরাতন বা ব্যবহৃত ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্যের আমদানি নিষিদ্ধকরণ।**—কোনো পুরাতন বা ব্যবহৃত ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য আমদানি করা অথবা দান, অনুদান বা অন্য কোনোভাবে গ্রহণ করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, গবেষণা ও শিক্ষা প্রতিষ্ঠানে ব্যবহারের নিমিত্ত অধিদপ্তরের অনাপত্তি গ্রহণপূর্বক উক্তরূপ আমদানি বা গ্রহণ করা যাইবে।

১৬। **তথ্য সংরক্ষণ ও প্রতিবেদন দাখিল।**—প্রত্যেক প্রস্তুতকারক, সংযোজনকারী, বড় আমদানিকারক, মজুদকারী, ব্যবসায়ী, দোকানদার, মেরামতকারী, বড় ব্যবহারকারী বা প্রাতিষ্ঠানিক ভোক্তা, সংগ্রহকারী, চূর্ণকারী, পুন:প্রক্রিয়াজাতকারী, পুনঃব্যবহারোপযোগীকরণকারী, নিলাম বিক্রেতা ও রপ্তানিকারক—

(ক) ফরম-৬ অনুযায়ী ই-বর্জ্য সংক্রান্ত তথ্য সংরক্ষণ করিবে; এবং

(খ) দফা (ক) অনুযায়ী সংরক্ষিত তথ্যের ভিত্তিতে ফরম-৭ অনুযায়ী প্রত্যেক অর্থ-বৎসর সমাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে অধিদপ্তরে বার্ষিক প্রতিবেদন দাখিল করিবে।

১৭। **অধিদপ্তর কর্তৃক বাৎসরিক প্রতিবেদন প্রেরণ।**—(১) ই-বর্জ্যের বিশেষ ধরন বিবেচনা করিয়া অধিদপ্তরের বিভাগীয় অফিস প্রতিবৎসর ৩০ সেপ্টেম্বরের মধ্যে অধিদপ্তরের প্রধান কার্যালয়ে বাৎসরিক প্রতিবেদন দাখিল করিবে।

(২) অধিদপ্তরের প্রধান কার্যালয় বিভিন্ন বিভাগ হইতে প্রাপ্ত প্রতিবেদন একত্রিত করিয়া উহা পুনঃপরীক্ষা ও নির্দেশনার জন্য প্রতিবৎসর ৩০ নভেম্বরের মধ্যে সরকারের নিকট প্রেরণ করিবে।

১৮। **ই-বর্জ্য পরিবহন।**—ই-বর্জ্য পরিবেশ বান্ধব পদ্ধতিতে পরিবহন করিতে হইবে।

১৯। **ই-বর্জ্য রপ্তানিকরণ।**—দেশে ই-বর্জ্য পুনঃপ্রক্রিয়াজাতকরণ বা পুনঃব্যবহারোপযোগীকরণের প্রয়োজনীয় ব্যবস্থা না থাকিলে অধিদপ্তরের অনাপত্তি সাপেক্ষে ই-বর্জ্য বিদেশে রপ্তানি করা যাইবে।

২০। **দুর্ঘটনাজনিত প্রতিবেদন দাখিল ও পরবর্তী কার্যক্রম গ্রহণ।**—ই-বর্জ্য প্রক্রিয়াজাতকরণ বা পরিবহনের সময় যদি কোনো দুর্ঘটনা সংঘটিত হয় তাহা হইলে সংশ্লিষ্ট ব্যক্তি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক তাৎক্ষণিকভাবে ফরম-৮ অনুযায়ী অধিদপ্তর, স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বিস্ফোরক অধিদপ্তর এবং অন্যান্য সংশ্লিষ্ট সংস্থা বরাবরে দুর্ঘটনার প্রতিবেদন দাখিল করিবে।

২১। **ই-বর্জ্য প্রস্তুতকারক, সংগ্রহ কেন্দ্র, পরিবহনকারী, চূর্ণকারী, মেরামতকারী এবং ব্যবহারোপযোগীকরণকারীর দায়।**—(১) ই-বর্জ্য প্রস্তুতকারক, সংগ্রহ কেন্দ্র, পরিবহনকারী, চূর্ণকারী, মেরামতকারী এবং পুনঃব্যবহারোপযোগীকরণকারী পরিবেশগত বা জনস্বাস্থ্যের যে কোনো ক্ষতিসাধনের জন্য দায়ী হইবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন দায়ী ব্যক্তি তাহার দ্বারা সাধিত ক্ষতি সম্পর্কে অধিদপ্তরের নিকট প্রতিবেদন দাখিলপূর্বক নিজ অর্থে পরিবেশগত এইরূপ ক্ষতিপূরণ করিতে বা ধ্বংসপ্রাপ্ত পরিবেশগত উপাদান পুনরুদ্ধার করিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবেন।

(৩) ভোক্তাগণ ই-বর্জ্য ব্যবসায়ী, দোকানদার বা সংগ্রহ কেন্দ্রে জমা প্রদানের জন্য দায়ী থাকিবেন এবং এইরূপ দায়িত্ব পালনে ব্যর্থ হইলে আইনে বর্ণিত জরিমানা প্রদানে বাধ্য থাকিবেন।

২২। **আন্তর্জাতিক মান, ইত্যাদি অনুসরণ।**—ই-বর্জ্য সংগ্রহ, মজুদ, পরিবহন, মেরামত, চূর্ণকরণ, পুনঃব্যবহারোপযোগীকরণ এবং ধ্বংসকরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম আন্তর্জাতিক মান বা অধিদপ্তর কর্তৃক, সময় সময়, প্রকাশিত নির্দেশনা অনুসারে পরিচালিত হইবে।

২৩। **সরকারি প্রতিষ্ঠানসমূহের দায়িত্ব।**—(১) অধিদপ্তর, সিটি কর্পোরেশন এবং পৌরসভাসহ সরকারের অন্যান্য সংশ্লিষ্ট স্থানীয় সরকার প্রতিষ্ঠান ই-বর্জ্য সংগ্রহ, পুনঃচক্রায়ন, পুনঃব্যবহার এবং ধ্বংস সম্পর্কিত কার্যাবলি তদারকি করিবে:

তবে শর্ত থাকে যে, পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তার বিষয়টি অধিদপ্তর এবং সংশ্লিষ্ট সরকারি সংস্থা কর্তৃক পর্যবেক্ষণ করা হইবে।

(২) সিটি করপোরেশন ও পৌরসভাসমূহ উহাদের গৃহস্থালি বর্জ্য ফেলিবার স্থানে একটি সুনির্দিষ্ট স্থান ই-বর্জ্য ফেলিবার জন্য চিহ্নিত করিবে।

(৩) অধিদপ্তর, স্থানীয় সরকার প্রতিষ্ঠান, ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য উৎপাদনকারী, আমদানিকারী এবং সরবরাহকারীগণ ই-বর্জ্য সংগ্রহ কেন্দ্রে জমা প্রদান বা পৌঁছাইয়া দেওয়ার বিষয়ে জনগণের মধ্যে সচেতনতা তৈরি করিবে।

২৪। **দণ্ড।**—এই বিধিমালার কোনো বিধান লঙ্ঘন করা হইলে আইনের ধারা ১৫ এর উপ-ধারা (১) এ উল্লিখিত টেবিলের ক্রমিক নং ৬ অনুযায়ী দন্ড আরোপনীয় হইবে।

২৫। **আপিল।**—(১) অধিদপ্তর কর্তৃক ই-বর্জ্য ব্যবস্থাপনার জন্য নিবন্ধন গ্রহণ বা উহা স্থগিত, বাতিল বা প্রত্যাহারের আদেশ বা নির্দেশ দ্বারা কোনো ব্যক্তি সংক্ষুদ্ধ হইলে তিনি ফরম-৫ অনুযায়ী সরকার কর্তৃক গঠিত আপিল কর্তৃপক্ষের নিকট আপিল করিতে পারিবেন।

(২) আপিল দায়ের ও উহার নিষ্পত্তির ক্ষেত্রে আইনের ধারা ১৪ এর বিধান অনুসরণ করিতে হইবে।

**তফসিল ১**
**[বিধি ১(৩), ২(৩), ২(৪) ও ৩(ঞ)(অ) দ্রষ্টব্য]**

ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক পণ্য/যন্ত্রপাতির শ্রেণি ও তালিকা

| ক্রমিক নং | শ্রেণি | পণ্য/যন্ত্রপাতি |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | ঘরোয়া যন্ত্রপাতি (Household appliance) | (ক) কম্প্যাক্ট ফ্লুরোসেন্ট ল্যাম্প (Compact Fluorescent Lamp) বা মারকারীযুক্ত ল্যাম্প<br>(খ) লেডযুক্ত ক্যাপাসিটর/ব্যাটারি/লিথিয়াম আয়ন ব্যাটারি<br>(গ) ক্যাডমিয়ার এবং এর যৌগধারী থারমাল কাট-অফ<br>(ঘ) রেফ্রিজারেটর<br>(ঙ) কাপড় ধোয়ার যন্ত্র (Washing machine)<br>(চ) থালা-বাসন ধোয়ার যন্ত্র (Dish washer)<br>(ছ) মাইক্রোওয়েভ ওভেন (Microwave oven)<br>(জ) রান্না বা খাদ্য প্রক্রিয়াকরণে ব্যবহৃত অন্যান্য ইলেকট্রিক/ইলেকট্রনিক যন্ত্রপাতি (Other electrical/electronic appliance used for cooking and processing of food)<br>(ঝ) বৈদ্যুতিক হিটার (Electric heating appliance)<br>(ঞ) ভ্যাকুয়াম ক্লিনার (Vacuum cleaner)<br>(ট) ইস্ত্রি এবং অনুরূপ অন্যান্য যন্ত্রপাতি (Iron and similar other appliance)<br>(ঠ) টোস্টার (Toaster)<br>(ড) ব্যাটারি, ল্যাম্প (Lamp)<br>(ঢ) চূর্ণন যন্ত্র (Grinder)<br>(ণ) কফি তৈরির যন্ত্র (coffee maker)<br>(ত) খাবার ফ্রাই করিবার যন্ত্র (Fryer)<br>(থ) টেলিভিশন (CRT, LCD, LED etc.)<br>(দ) ডিভিডি প্লেয়ার (DVD Player/VCR/VCP)<br>(ধ) ভিডিও ক্যামেরা (Video camera)<br>(ন) ভিডিও ধারণ যন্ত্র (Video recorder)<br>(প) ডিজিটাল ক্যামেরা (Digital camera)<br>(ফ) রেডিও/অডিও এ্যামপ্লিফাইয়ার (Radio/Audio amplifier)<br>(ব) ইলেকট্রিক্যাল/ইলেকট্রনিক বাদ্যযন্ত্র (electrical/electronic Musical instrument)<br>(ভ) শীতাতপ নিয়ন্ত্রক যন্ত্র<br>(ম) বৈদ্যুতিক শক্তি দ্বারা পরিচালিত ওয়াটার ফিল্টার/ পিউরিফায়ার, ওয়াটার হিটার/ গিজার এবং গৃহস্থালি কাজে ব্যবহৃত অন্য যে কোনো পণ্য |

| ক্রমিক নং | শ্রেণি | পণ্য/যন্ত্রপাতি |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ২। | Monitoring and control instruments | (ক) ধোঁয়া নির্ণয়কারী যন্ত্র (Smoke detector)<br>(খ) শিল্প-কারখানা এবং বিদ্যুৎ কেন্দ্রে ব্যবহৃত কন্ট্রোল প্যানেল (control panel in industrial installation/ power plant)<br>(গ) তাপ নিয়ন্ত্রক (Heating regulator)<br>(ঘ) থার্মোস্ট্যাট (Thermostat)<br>(ঙ) বাড়ীতে বা গবেষণাগারে ব্যবহৃত ওজন নির্ণয়ক যন্ত্র<br>(চ) ধোঁয়া নির্বাপক<br>(ছ) তেজস্ক্রিয় পদার্থ নেই এমন পরীক্ষণ ও নিয়ন্ত্রণ যন্ত্র বা শিল্প-বিদ্যুৎ কেন্দ্রে স্থাপিত যন্ত্র (নিয়ন্ত্রণ সংক্রান্ত যন্ত্র)<br>(জ) কেন্দ্রীয় শীতাতপ নিয়ন্ত্রক যন্ত্র/চিলার<br>(ঝ) ঘরোয়া কাজে এবং পরীক্ষাগারে ব্যবহৃত বিভিন্ন ধরনের পরিমাপক এবং বিভিন্ন সমন্বয়কারী যন্ত্র<br>(ঞ) Engineering/ Environmental Survey Instruments<br>(ট) Arsenic Measurement Instruments |
| ৩। | Medical Equipments | (ক) Microscope<br>(খ) Respiration Monitors<br>(গ) Glucose Monitors<br>(ঘ) Physical Therapy Devices<br>(ঙ) Laboratory Measurement Equipment (Thermo meter, PH meter, Conductometer, Measuring Instrument, Titratable Acidity Mini Titrator, Refractive Index , Measurement of Liquids etc.)<br>(চ) Defibrillators<br>(ছ) MRI Equipment<br>(জ) Diagnostic Imaging Equipment<br>(ঝ) Biomedical/Pathological Testing Devices<br>(ঞ) Urinalysis Equipment<br>(ট) Endoscopy Equipment<br>(ঠ) Hematology Equipment<br>(ড) Vital Sign Monitors<br>(ঢ) Ultrasound Equipment<br>(ণ) Computed Tomography (CT) Equipment<br>(ত) X-Ray machine<br>(থ) Other e-equipments used in Hospital and also in Diagnosis centre<br>(দ) Research based Lab Equipments etc. |

| ক্রমিক নং | শ্রেণি | পণ্য/যন্ত্রপাতি |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৪। | Automatic Machine | (ক) কোমল পানীয় বিক্রয়ের স্বয়ংক্রিয় যন্ত্র (Automatic dispenser for beverage/drink)<br>(খ) টাকা উত্তোলনের জন্য ব্যবহৃত স্বয়ংক্রিয় যন্ত্র (Automated Teller Machine) |
| ৫। | তথ্য প্রযুক্তি এবং টেলিযোগাযোগ সংশ্লিষ্ট যন্ত্রপাতি (IT and telecommunication equipment) | (ক) কেন্দ্রীয় ডাটা প্রক্রিয়াকরণ: মেইনফ্রেম কম্পিউটার, মিনি কম্পিউটার, ব্যক্তিগত কম্পিউটার<br>(খ) কম্পিউটার মনিটর (Computer Monitor)<br>(গ) ল্যাপটপ কম্পিউটার (Laptop)<br>(ঘ) নোটবুক/ নোট প্যাড বা অনুরূপ যন্ত্র<br>(ঙ) প্রিন্টার (Printer)<br>(চ) ফটোকপিয়ার (Photocopier)<br>(ছ) স্ক্যানার (Scanner)<br>(জ) ফ্লপি (Floppy)<br>(ঝ) ক্যালকুলেটর (Calculator)<br>(ঞ) ফ্যাক্স (Facsimile/Fax)<br>(ট) সেলুলার ফোন বা মোবাইল ফোন (Cellular telephone/ mobile phone)<br>(ঠ) টেলিফোন (land phone এবং cordless phone)<br>(ড) তথ্য প্রযুক্তি এবং টেলিযোগাযোগ সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রপাতি যা বৈদ্যুতিক, মাইক্রোওয়েভ এবং অপটিক্যাল পদ্ধতিতে ভয়েস, তথ্য বা ছবি সংগ্রহ, প্রক্রিয়াকরণ, উপস্থাপনা এবং প্রেরণে ব্যবহৃত হয় (Information Technology and Telecommunication related other products and equipments for the collection/storage of voice, information/picture, processing, presentation or communication of information, such as sound, image, data etc. By electronic, microwave and optical media ) |

**তফসিল ২**
**[বিধি ২(২০) ও ৩(ঞ)(ই) দ্রষ্টব্য]**

প্রস্তুতকারক ও সংযোজনকারী এবং বড় আমদানিকারক কর্তৃক ই-বর্জ্য সংগ্রহের লক্ষ্যমাত্রা

| ক্রমিক নং | বৎসর | ই-বর্জ্য সংগ্রহের লক্ষ্যমাত্রা (সংখ্যা/ওজন) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | বিধিমালা বাস্তবায়নের ১ম বৎসরে | পরিকল্পনায় বর্ণিত উৎপাদিত ই-বর্জ্যের ১০% |
| ২। | বিধিমালা বাস্তবায়নের ২য় বৎসরে | পরিকল্পনায় বর্ণিত উৎপাদিত ই-বর্জ্যের ২০% |
| ৩। | বিধিমালা বাস্তবায়নের ৩য় বৎসরে | পরিকল্পনায় বর্ণিত উৎপাদিত ই-বর্জ্যের ৩০% |
| ৪। | বিধিমালা বাস্তবায়নের ৪র্থ বৎসরে | পরিকল্পনায় বর্ণিত উৎপাদিত ই-বর্জ্যের ৪০% |
| ৫। | বিধিমালা বাস্তবায়নের ৫ম বৎসর হইতে চলমান | পরিকল্পনায় বর্ণিত উৎপাদিত ই-বর্জ্যের ৫০% |

**তফসিল ৩**

**[বিধি ১৪(১) দ্রষ্টব্য]**

বিপজ্জনক পদার্থ ব্যবহারের মানমাত্রা

(Threshold limits for use of certain hazardous substances)

| ক্রমিক নং | পদার্থের নাম | মানমাত্রা |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | Cadmium | ০.০১% |
| ২। | Lead | ০.১% |
| ৩। | Mercury | ০.১% |
| ৪। | Chromium VI | ০.১% |
| ৫। | Polybrominated biphenyls (PBB) | ০.১% |
| ৬। | Polybrominated biphenyl ethers (PBDE) | ০.১% |
| ৭। | Bis (2 -ethylhexyl) phthalate (DEHP) | ০.১% |
| ৮। | Butyl benzyl phthalate (BBP) | ০.১% |
| ৯। | Dibutyl phthalate (DBP) | ০.১% |
| ১০। | Diisobutyl phthalate (DIBP) | ০.১% |

**ফরম-১**
**[বিধি ১০(২) দ্রষ্টব্য]**

প্রস্তুতকারক/সংযোজনকারী/বড় আমদানিকারক কর্তৃক ই-বর্জ্যের উৎপাদন/সংগ্রহ/ পরিবহন/ মজুদ/চূর্ণ/পুনঃব্যবহারোপযোগী/পরিত্যজন/ধ্বংসকরণের জন্য নিবন্ধনের আবেদন

বরাবর
মহাপরিচালক (প্রধান কার্যালয়ে আবেদন করা হইলে)/পরিচালক (বিভাগীয় কার্যালয়ে আবেদন করা হইলে)
................................................................

জনাব,

আমি/আমরা ঝুঁকিপূর্ণ বর্জ্য (ই-বর্জ্য) ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১ এর বিধান মোতাবেক ই-বর্জ্য উৎপাদন/সংগ্রহ/পরিবহন/মজুদ/চূর্ণ/পুনঃব্যবহারোপযোগী/পরিত্যজন/ধ্বংসকরণের উদ্দেশ্যে নিবন্ধন প্রাপ্তির জন্য নিম্নবর্ণিত তথ্যসহ আবেদন করিতেছি।

(১) আবেদনকারীর সাধারণ তথ্যাদি:

১। প্রতিষ্ঠান/বিভাগের নাম ....................................................................

২। আবেদনকারীর নাম..........................................................................

৩। পূর্ণ ঠিকানা...................................................................................

৪। ফোন ..................................... মোবাইল .....................................

৫। নতুন আবেদন: হ্যাঁ/না ......... যদি উত্তর না হয় তবে পূর্বে নিবন্ধনের নম্বর এবং তারিখ.............................

(২) অন্যান্য প্রয়োজনীয় তথ্য:

**টেবিল ১**: ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক সরঞ্জাম, যন্ত্রপাতি ও পণ্য যাহা পূর্ববর্তী ১০ (দশ) বৎসরে বাজারে ছাড়া হইয়াছে তাহার পূর্ণ বিবরণী:

| ক্রমিক নং | ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক যন্ত্রপাতি/পণ্য আইটেম | পণ্যের সংখ্যা/ওজন | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| (ক) ঘরোয়া যন্ত্রপাতি (Household Appliances): | | | | | | | | | | | |
| | | ১ম বৎসর | ২য় বৎসর | ৩য় বৎসর | ৪র্থ বৎসর | ৫ম বৎসর | ৬ষ্ঠ বৎসর | ৭ম বৎসর | ৮ম বৎসর | ৯ম বৎসর | ১০ম বৎসর |
| (১) | কম্প্যাক্ট ফ্লুরোসেন্ট ল্যাম্প (Compact Fluorescent Lamp বা CFL) বা মারকারীযুক্ত ল্যাম্প | | | | | | | | | | |
| (২) | লেডযুক্ত ক্যাপাসিটর/ব্যাটারি | | | | | | | | | | |

| ক্রমিক নং | ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক যন্ত্রপাতি/পণ্য আইটেম | পণ্যের সংখ্যা/ওজন | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| (৩) | ক্যাডমিয়াম এবং এর যৌগধারী থারমাল কাট-অফ | | | | | | | | | | |
| (৪) | রেফ্রিজারেটর | | | | | | | | | | |
| (৫) | কাপড় ধোয়ার যন্ত্র (Washing machine) | | | | | | | | | | |
| (৬) | থালা-বাসন ধোয়ার যন্ত্র (Dish washer) | | | | | | | | | | |
| (৭) | মাইক্রোওয়েভ ওভেন (Microwave oven) | | | | | | | | | | |
| (৮) | রান্না বা খাদ্য প্রক্রিয়াকরণে ব্যবহৃত অন্যান্য ইলেকট্রিক/ ইলেকট্রনিক যন্ত্রপাতি (Other electrical/electronic appliance used for cooking and processing of food) | | | | | | | | | | |
| (৯) | বৈদ্যুতিক হিটার (Electric heating appliance) | | | | | | | | | | |
| (১০) | ভ্যাকুয়াম ক্লিনার (Vacuum cleaner) | | | | | | | | | | |
| (১১) | ইস্ত্রি এবং অনুরূপ অন্যান্য যন্ত্রপাতি (Iron and similar other appliance) | | | | | | | | | | |
| (১২) | টোস্টার (Toaster) | | | | | | | | | | |
| (১৩) | চূর্ণন যন্ত্র (Grinder) | | | | | | | | | | |
| (১৪) | কফি তৈরির যন্ত্র (coffee maker) | | | | | | | | | | |
| (১৫) | Fryer (খাবার ফ্রাই করিবার যন্ত্র) | | | | | | | | | | |
| (১৬) | টেলিভিশন (CRT, LCD, LED etc.) | | | | | | | | | | |

| ক্রমিক নং | ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক যন্ত্রপাতি/পণ্য আইটেম | পণ্যের সংখ্যা/ওজন | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১৭) | ডিভিডি প্লেয়ার/ (DVD Player/ VCR/VCP) | | | | | | | | | | |
| (১৮) | ভিডিও ক্যামেরা (Video camera) | | | | | | | | | | |
| (১৯) | ভিডিও ধারণ যন্ত্র (Video recorder) | | | | | | | | | | |
| (২০) | ডিজিটাল ক্যামেরা (Digital camera) | | | | | | | | | | |
| (২১) | রেডিও/অডিও এ্যামপ্লিফাইয়ার (Radio/Audio amplifier) | | | | | | | | | | |
| (২২) | ইলেকট্রিক/ইলেকট্রনিক বাদ্যযন্ত্র (electrical/electronic Musical instrument) | | | | | | | | | | |
| (খ) Monitoring and control instruments: | | | | | | | | | | | |
| (২৩) | ধোয়া নির্ণয়কারী যন্ত্র (Smoke detector) | | | | | | | | | | |
| (২৪) | শিল্প কলকারখানা এবং বিদ্যুৎ কেন্দ্রে ব্যবহৃত কন্ট্রোল প্যানেল (control panel in industrial installation/ power plant) | | | | | | | | | | |
| (২৫) | থার্মোস্ট্যাট (Thermostat) | | | | | | | | | | |
| (২৬) | তেজস্ক্রিয় পদার্থ নেই এমন পরীক্ষণ ও নিয়ন্ত্রণ যন্ত্র বা শিল্পো-বিদ্যুৎ কেন্দ্রে স্থাপিত যন্ত্র (নিয়ন্ত্রণ সংক্রান্ত যন্ত্র) | | | | | | | | | | |
| (২৭) | শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র | | | | | | | | | | |

| ক্রমিক নং | ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক যন্ত্রপাতি/পণ্য আইটেম | পণ্যের সংখ্যা/ওজন | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| (২৮) | ঘরোয়া কাজে এবং পরীক্ষাগারে ব্যবহৃত বিভিন্ন ধরনের পরিমাপক, ওজন নেয়ার যন্ত্র এবং বিভিন্ন সমন্বকারী যন্ত্র | | | | | | | | | | |
| (২৯) | তাপ নিয়ন্ত্রক (Heating regulator) | | | | | | | | | | |
| (৩০) | বাড়িতে বা গবেষণাগারে ব্যবহৃত ওজন নির্ণয়ক যন্ত্র | | | | | | | | | | |
| (গ) Medical Equipments: | | | | | | | | | | | |
| (৩১) | Microscope | | | | | | | | | | |
| (৩২) | Respiration Monitors | | | | | | | | | | |
| (৩৩) | Glucose Monitors | | | | | | | | | | |
| (৩৪) | Physical Therapy Devices | | | | | | | | | | |
| (৩৫) | Laboratory Measurement Equipment (Thermo meter, PH meter, conductometer, Measuring Instrument, Titratable Acidity Mini Titrator, Refractive Index, Measurement of Liquids etc.) | | | | | | | | | | |
| (৩৬) | Defibrillators | | | | | | | | | | |
| (৩৭) | MRI Equipment | | | | | | | | | | |
| (৩৮) | Diagnostic Imaging Equipment | | | | | | | | | | |
| (৩৯) | Biomedical/Pathological Testing Devices | | | | | | | | | | |
| (৪০) | Urinalysis Equipment | | | | | | | | | | |

| ক্রমিক নং | ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক যন্ত্রপাতি/পণ্য আইটেম | পণ্যের সংখ্যা/ওজন | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| (৪১) | Endoscopy Equipment | | | | | | | | | | |
| (৪২) | Hematology Equipment | | | | | | | | | | |
| (৪৩) | Vital Sign Monitors | | | | | | | | | | |
| (৪৪) | Ultrasound Equipment | | | | | | | | | | |
| (ঘ) Automatic Machine: | | | | | | | | | | | |
| (৪৫) | কোমল পানীয় বিক্রয়ের স্বয়ংক্রিয় যন্ত্র (Automatic dispenser for beverage/ drink) | | | | | | | | | | |
| (৪৬) | টাকা উত্তোলনের জন্য ব্যবহৃত স্বয়ংক্রিয় যন্ত্র (Automated Teller Machine) | | | | | | | | | | |
| (ঙ) তথ্য প্রযুক্তি এবং টেলিযোগাযোগ যন্ত্রপাতি (Information technology and telecommunication equipment): | | | | | | | | | | | |
| (৪৭) | কেন্দ্রীয় ডাটা প্রক্রিয়াকরণ: মেইনফ্রেম কম্পিউটার, মিনি কম্পিউটার | | | | | | | | | | |
| (৪৮) | ব্যক্তিগত কম্পিউটার (Personal Computer) | | | | | | | | | | |
| (৪৯) | কম্পিউটার মনিটর (Computer Monitor) | | | | | | | | | | |
| (৫০) | ল্যাপটপ কম্পিউটার (Laptop), নোট প্যাড (Note Pad), নোটবুক (Note Book) | | | | | | | | | | |
| (৫১) | i-pad, Tab বা অনুরূপ যন্ত্রসহ | | | | | | | | | | |
| (৫২) | প্রিন্টার (Printer) | | | | | | | | | | |
| (৫৩) | ফটোকপিয়ার (Photocopier) | | | | | | | | | | |

| ক্রমিক নং | ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক যন্ত্রপাতি/পণ্য আইটেম | পণ্যের সংখ্যা/ওজন | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| (৫৪) | ক্যালকুলেটর (Calculator) | | | | | | | | | | |
| (৫৫) | ফ্যাক্স (Facsimile/Fax) | | | | | | | | | | |
| (৫৬) | সেলুলার ফোন বা মোবাইল ফোন (Cellular telephone/ mobile phone) | | | | | | | | | | |
| (৫৭) | টেলিফোন (land phone এবং cordless phone) | | | | | | | | | | |
| (৫৮) | অন্যান্য যন্ত্রপাতি যা বৈদ্যুতিক পদ্ধতিতে তথ্য বা ছবি সংগ্রহ, প্রক্রিয়াকরণ, উপস্থাপনা এবং প্রেরণে ব্যবহৃত হয় (other products and equipments for the collection, storage, processing, presentation or communication of information, such as sound, image, data etc. By electronic means) | | | | | | | | | | |
| (৫৯) | স্ক্যানার (Scanner) | | | | | | | | | | |
| (৬০) | প্লটার (Plotter) | | | | | | | | | | |
| (৬১) | ওএমআর (OMR) | | | | | | | | | | |
| (৬২) | বারকোড রিডার (Barcode reader) | | | | | | | | | | |
| (৬৩) | মাইক্রোফোন (Microphone) | | | | | | | | | | |
| (৬৪) | মাউস, কী-বোর্ড (Mouse, Key-board) | | | | | | | | | | |

| ক্রমিক নং | ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক যন্ত্রপাতি/পণ্য আইটেম | পণ্যের সংখ্যা/ওজন | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| (৬৫) | ওয়েব ক্যামেরা (Web camera) | | | | | | | | | | | |
| (৬৬) | জয়স্টিক (Joystick) | | | | | | | | | | | |
| (৬৭) | প্রোজেক্টর (Projector) | | | | | | | | | | | |
| (৬৮) | স্পিকার (Speaker) | | | | | | | | | | | |
| (৬৯) | মডেম (Modem) | | | | | | | | | | | |
| (৭০) | এন্টেনা (Antenna) | | | | | | | | | | | |
| (৭১) | রাউটার (Router) | | | | | | | | | | | |

**টেবিল-২:** আইটেম অনুযায়ী আনুমানিক উৎপাদিত ই-বর্জ্য এবং সার্ভিস সেন্টার বা সেবা কেন্দ্র হইতে উৎপাদিত ই-বর্জ্যসহ আসন্ন বৎসরে আনুমানিক সংগ্রহের পরিকল্পনা:

| ক্রমিক নং | আইটেম | আনুমানিক উৎপাদিত ই-বর্জ্য | | সংগ্রহের আনুমানিক পরিমাণ | |
|---|---|---|---|---|---|
| | | সংখ্যা | ওজন | সংখ্যা | ওজন |
| | | | | | |

(৩) অর্থ প্রণোদনা প্রদান ও ই-বর্জ্য ব্যবস্থাপনার পরিকল্পনাসহ সামগ্রিক পরিকল্পনার বিবরণ:

(৪) প্রস্তাবিত জনসচেতনতামূলক কর্মসূচির পূর্ণ বিবরণী:

(৫) বিপজ্জনক পদার্থ ব্যবহার হ্রাস করিবার জন্য গৃহীত বা গৃহীতব্য ব্যবস্থার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে):

(৬) প্রয়োজনীয় দলিলাদি:

(অ) বিপজ্জনক উপাদানযুক্ত ইলেকট্রনিক এবং ইলেকট্রিক্যাল পণ্যের প্রমাণ হিসাবে প্রযুক্তিগত দলিল ( যেমন- সরবরাহকারীর ঘোষণা, পণ্যের ঘোষণা/বিশ্লেষণাত্নক প্রতিবেদন), যাহা বিপজ্জনক পদার্থ ব্যবহার হ্রাস করিবার বিধানমতে ইউরোপীয় ইউনিয়নের স্ট্যান্ডার্ড ইএন-৫০৫৮১ এর সহিত সামঞ্জস্যপূর্ণ হইতে হইবে;

(আ) সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা অধিদপ্তর হইতে বিপজ্জনক পদার্থ বিক্রয়ের অনুমতির কপি;

(ই) বিপজ্জনক পদার্থ ব্যবহারের মানমাত্রা অনুসরণ বা, প্রয়োজনে, হ্রাস করিবার বিষয়ে অঙ্গীকারনামা;

(ঈ) প্রযোজ্য ক্ষেত্রে বৈদেশিক বাণিজ্য লাইসেন্স বা অনুমতির কপি;

(উ) ই-বর্জ্য পুন:প্রক্রিয়াকরণ, মজুদ এবং নিষ্পত্তি সুবিধা প্রভৃতির উল্লেখপূর্বক ডিলার বা বিক্রেতা, সংগ্রহ কেন্দ্র, পুনঃব্যবহারপোযোগীকরণকারীর সহিত সম্পাদিত চুক্তির কপি; এবং

(ঊ) প্রয়োজনীয় অন্য যে কোনো দলিল।

তারিখ ....................

আবেদনকারীর স্বাক্ষর..........................

নাম................................................

পদবি...............................................

**ফরম-২**

**[বিধি ১০(২) দ্রষ্টব্য]**

ব্যবসায়ী/দোকানদার/রপ্তানিকারক/মজুদকারী/সংগ্রহকেন্দ্র/ব্যবস্থাপনাকারী/মেরামতকারীর নিবন্ধন প্রাপ্তির আবেদন

বরাবর
মহাপরিচালক (প্রধান কার্যালয়ে আবেদন করা হইলে)/পরিচালক (বিভাগীয় কার্যালয়ে আবেদন করা হইলে)
..............................................................

জনাব,

আমি/আমরা ঝুঁকিপূর্ণ বর্জ্য (ই-বর্জ্য) ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১ এর বিধান মোতাবেক নিবন্ধন প্রাপ্তির জন্য নিম্নবর্ণিত তথ্যসহ আবেদন করিতেছি:

(১) প্রতিষ্ঠানের নাম ......................................................................................

(২) দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি .....................................................................................

(৩) ঠিকানা ...............................................................................................

(৪) যোগাযোগ ঠিকানা: ফোন নম্বর ..................... মোবাইল নম্বর ..............................

(৫) ই-মেইল......................................... ফ্যাক্স ................................................

(৬) টিআইএন/কর নিবন্ধন নম্বর.................................................................................

(৭) ট্রেড লাইসেন্স এবং ভ্যাট রেজিস্ট্রেশন নম্বর [লাইসেন্স ও সার্টিফিকেট সংযুক্ত করিতে হইবে]

(৮) কি উদ্দেশ্যে নিবন্ধনের জন্য আবেদন করা হইয়াছে (সঠিক উত্তরে টিক প্রদান করুন বাকি অংশটুকু বাদ দিন)

(ক) ব্যবসায়; (খ) বিক্রয়; (গ) রপ্তানি; (ঘ) মজুদ; (ঙ) সংগ্রহ; (চ) ব্যবস্থাপনা (ছ) মেরামত

(৯) ই-বর্জ্য ব্যবস্থাপনার বর্ণনা..........................................................................

তারিখ .............................. আবেদনকারীর স্বাক্ষর ...........................

**ফরম-৩**

**[বিধি ১০(২) দ্রষ্টব্য]**

ই-বর্জ্য সৃষ্টি/ চূর্ণকরণ/পুনঃব্যবহারোপযোগীকরণ/পরিত্যজন বা ধ্বংসকরণের জন্য নিবন্ধন প্রাপ্তির আবেদন

বরাবর

মহাপরিচালক (প্রধান কার্যালয়ে আবেদন করা হইলে)/পরিচালক (বিভাগীয় কার্যালয়ে আবেদন করা হইলে)

...............................................................

জনাব,

আমি/আমরা ঝুঁকিপূর্ণ বর্জ্য (ই-বর্জ্য) ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১ এর বিধান মোতাবেক ই-বর্জ্য সৃষ্টি/ চূর্ণকরণ/ পুনঃব্যবহারোপযোগীকরণ/পরিত্যজন বা ধ্বংসকরণের উদ্দেশ্যে নিবন্ধন প্রাপ্তির জন্য নিম্নবর্ণিত তথ্যসহ আবেদন করিতেছি।

সাধারণ তথ্য-

১। প্রতিষ্ঠান/বিভাগের নাম ........................................................................................

২। আবেদনকারীর নাম ................................................................................................

৩। পূর্ণ ঠিকানা..............................................................................................................

৪। ফোন ...................................... মোবাইল ..........................................................

৫। নতুন আবেদনঃ হ্যাঁ/না .......... যদি উত্তর না হয় তবে পূর্বে নিবন্ধনের নম্বর এবং তারিখ.............

৬। কি উদ্দেশ্যে নিবন্ধনের জন্য আবেদন করা হইয়াছে (সঠিক উত্তরে টিক প্রদান করুন বাকি অংশটুকু বাদ দিন)

(ক) সৃষ্টি; (খ) চূর্ণকরণ; (গ) পুনঃব্যবহারোপযোগীকরণ; (ঘ) পরিত্যজন বা ধ্বংসকরণ; (ঙ) অন্যান্য...........

৭। প্রকল্প এলাকার মোট বিনিয়োগ.......................................................................................

৮। প্রকল্প এলাকার আয়তন..................... প্রকল্পের আচ্ছাদিত এলাকার আয়তন .......................

৯। কার্যক্রম আরম্ভের সম্ভাব্য তারিখ ...............................................................................

১০। প্রকল্প এবং ই-বর্জ্যের বর্ণনা

(১) প্রকল্প এলাকার নাম.................................................................................

(২) প্রকল্প এলাকার আশেপাশে নিম্নবর্ণিত কোনো কিছু বিদ্যমান আছে কিনা-

(ক) জলাশয় .............. (খ) বন ............... (গ) পার্ক বা খেলার মাঠ ..............
(ঘ) আবাসিক এলাকা .............. (ঙ) বিদ্যালয় ............ (চ) হাসপাতাল ............
(ছ) পরিবেশগত সংকটাপন্ন এলাকা..............................................................

(৩) উৎপাদন প্রক্রিয়া/প্রযুক্তি (বিস্তারিত)..............................................................

(৪) চূর্ণ করা হইবে এমন ই-বর্জ্যের শ্রেণি (তপশিল-১ মোতাবেক ) .............................

(৫) প্রতিদিন প্রকল্পের ধারণ ক্ষমতা.....................................................................

(৬) ই-বর্জ্য পরিত্যজন পদ্ধতি.........................................................................

(৭) কি পরিমাণ ই-বর্জ্য প্রতিদিন প্রক্রিয়াজাত করা হইবে .......................................

(ক) সংগ্রহের পরিমাণ ........................ (খ) চূর্ণকরণের পরিমাণ.......................

(গ) উৎপাদনের পরিমাণ........... (ঘ) পুনঃব্যবহারোপযোগীকরনের পরিমাণ .............

(৮) মজুদ পদ্ধতি.........................................................................................

(৯) কেন্দ্রের মধ্যে মজুদের পরিমাণ.....................................................................

(১০) পরিবেশ দূষণ নিয়ন্ত্রণে গৃহীত ব্যবস্থাসমূহ (বিস্তারিত, প্রয়োজনে স্বতন্ত্র কাগজ ব্যবহার করণ) ......................................................................................

(১১) কার্যক্রম পরিচালনার সময় কোনো দুর্ঘটনা ঘটিলে তাহা হইতে পরিত্রাণের উপায় এবং দুর্ঘটনা প্রতিরোধে গৃহীত ব্যবস্থা..................................................................

.............................................................................................................

(১২) শ্রমিকদের নিরাপত্তায় গৃহীত ব্যবস্থা ..............................................................

তারিখ ..............................

আবেদনকারী স্বাক্ষর......................

নাম..................................

পদবি..................................

**ফরম-৪**
**[বিধি ১০(৩) দ্রষ্টব্য]**

স্মারক নম্বর: ………..  তারিখ: …………………

ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক পণ্য প্রস্তুত/সংযোজন/আমদানি বা ই-বর্জ্য সৃষ্টি/সংগ্রহ/পরিবহন/মজুদ/চূর্ণকরণ/পুনঃব্যবহারোপযোগীকরণ/পরিত্যজনের জন্য নিবন্ধন

বরাবর
……………………………….
……………………………….

বিষয়: (ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম) ………….. এর অনুকূলে ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক পণ্য প্রস্তুত/সংযোজন/আমদানি বা ই-বর্জ্যের সৃষ্টি/সংগ্রহ/পরিবহন/মজুদ/চূর্ণ/পুনঃব্যবহারোপযোগী/পরিত্যজনের নিবন্ধন প্রদান প্রসঙ্গে।

জনাব/বেগম

ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক পণ্য প্রস্তুত/সংযোজন/আমদানি বা ই-বর্জ্য সৃষ্টি/সংগ্রহ/পরিবহন/ মজুদ/চূর্ণকরণ/ পুনঃব্যবহারোপযোগীকরণ/পরিত্যজন/রপ্তানিকরণের উদ্দেশ্যে ……………………………………… (কোম্পানি বা সংস্থার নাম) এর অনুকূলে ……………………………………………………………… (কারখানার ঠিকানা) নিবন্ধন প্রদান করা হইল।

২। এই নিবন্ধন নিম্নবর্ণিত শর্তে প্রদান করা হইল:

(১) কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে আইন এবং তদধীন প্রণীত বিধিমালার বিধান অনুসরণ করিতে হইবে।

(২) মহাপরিচালক বা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তার অনুরোধে নিবন্ধন সম্পর্কিত কাগজাদি প্রদর্শন করিতে হইবে।

(৩) উপরি-উল্লিখিত কার্যক্রম ব্যতীত অন্য কোনো কার্যক্রম করা যাইবে না।

(৪) ইলেকট্রনিক এবং ইলেকট্রিক্যাল যন্ত্রপাতি, পণ্য ও সরঞ্জামে বিপজ্জনক উপাদান ব্যবহার করিবার ক্ষেত্রে তফসিল ৩ অনুসরণ করিতে হইবে।

(৫) পরিবেশের জন্য হুমকিস্বরূপ কোনো অননুমোদিত পরিবর্তন, কর্মকান্ড বৃদ্ধি, প্রযুক্তিগত পরিবর্তন, ভস্মীভূতকরণ, পদ্ধতির পরিবর্তন, কোনো উপাদানের পরিবর্তন, কাজের পরিবেশের বা অন্য কোনো পরিবর্তন করিতে চাহিলে অধিদপ্তরকে অবহিত করিতে হইবে।

(৬) প্রতিষ্ঠান/কারখানা/বিভাগ বন্ধ করা হইলে বা কোনো কারণে কার্যক্রম স্থগিত রাখা হইলে উহা অধিদপ্তরকে অবহিত করিতে হইবে।

(৭) প্রতিটি পৃথক পৃথক প্ল্যান্ট/ ই-বর্জ্য ব্যবস্থাপনা সংশ্লিষ্ট প্ল্যান্ট নির্মাণের স্থানের জন্য আইন ও পরিবেশ সংরক্ষণ বিধিমালা অনুসরণ করিতে হইবে ।

কর্মকর্তার নাম ও পদবি
পরিবেশ অধিদপ্তর

**ফরম- ৫**

**[বিধি ২৫(১) দ্রষ্টব্য]**

পরিবেশ অধিদপ্তরের আদেশ বা নির্দেশের বিরুদ্ধে আপিল

(১) আপিলকারীর নাম...........................................................................................

(২) আপিলের বিষয় ..............................................................................................

(৩) আপিলের সূত্র (আপিলের প্রেক্ষিত) ..........................................................................

(৪) আপিলের পক্ষে যৌক্তিকতা .....................................................................................

তারিখ.....................

স্বাক্ষর .........................................

নাম ............................................

**ফরম- ৬**

**[বিধি ১৬(ক) দ্রষ্টব্য]**

ই-বর্জ্যের তথ্য রক্ষণাবেক্ষণ

(১) প্রতিষ্ঠানের নাম ........................................................................................

(২) প্রতিষ্ঠানের ঠিকানা ........................................................................................

(৩) তথ্য রক্ষণাবেক্ষণে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি ........................................................................

(৪) পদবি ............... ........................................................................................

(৫) শিক্ষাগত যোগ্যতা ........................................................................................

(৬) যোগাযোগ ঠিকানা: ফোন নম্বর ......................... মোবাইল নম্বর ....................................

(৭) ই-মেইল ..................................................... ফ্যাক্স ...........................................

(৮) নিবন্ধনের স্মারক ও তারিখ ......... (৯) পরিবেশগত ছাড়পত্র নম্বর ও তারিখ, প্রযোজ্য ক্ষেত্রে: ........

| ক্রমিক | ই-বর্জ্য পরিচালনার পরিমাণ ও ধরন | শ্রেণি | পরিমাণ (কিলোগ্রাম) |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | মজুদ | | |
| ২। | মেরামত | | |
| ৩। | চূর্ণকরণ | | |
| ৪। | পুনঃব্যবহারোপযোগীকরণ | | |
| ৫। | পুনরুদ্ধার | | |
| ৬। | ভস্মীভূতকরণ বা ধ্বংসকরণ | | |
| ৭। | পরিবহন | | |

**ফরম-৭**
**[বিধি ১৬ (খ) দ্রষ্টব্য]**

ই-বর্জ্য বিক্রয়, সংগ্রহ, চূর্ণকরণ এবং পুনঃব্যবহারোপযোগীকরণ সংক্রান্ত বাৎসরিক প্রতিবেদন

(১) প্রতিষ্ঠানের নাম........................................................................................................

(২) প্রতিষ্ঠানের ঠিকানা...................................................................................................

(৩) তথ্য রক্ষণাবেক্ষণে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি..........................................................................

(৪) পদবি......................................................................................................................

(৫) শিক্ষাগত যোগ্যতা.....................................................................................................

(৬) যোগাযোগ ঠিকানা: ফোন নম্বর........................... মোবাইল নম্বর..................................

(৭) ই-মেইল ................................................. ফ্যাক্স ................................................

(৮) নিবন্ধনের স্মারক নম্বর ও তারিখ .............................................................................

(৯) ছাড়পত্র নম্বর ও তারিখ, প্রযোজ্য ক্ষেত্রে ...... ..............................................................

| ক্রমিক নং | কাজের বর্ণনা | বর্জ্যের ধরন | পরিমাণ (কিলোগ্রাম) |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | ক্রয় | | |
| ২। | পুনঃব্যবহারোপযোগীকরণ | | |
| ৩। | চূর্ণকরণ | | |
| ৪। | বিক্রয় | | |
| ৫। | রপ্তানি | | |

প্রতিষ্ঠান, ই-বর্জ্যের ক্রেতাগণের (বড় ব্যবহারকারী/শিল্পপ্রতিষ্ঠান/ব্যবসায়ী/অন্যান্য) নাম, ঠিকানা এবং যোগাযোগের ঠিকানা সংরক্ষণ করিবে।

তারিখ ........................

প্রতিবেদন প্রদানকারীর স্বাক্ষর ............................

নাম ও পদবি ................................................

**ফরম-৮**

**[বিধি ২০ দ্রষ্টব্য]**

ই-বর্জ্য প্রক্রিয়াজাতকরণের সময় সংঘটিত দুর্ঘটনাজনিত প্রতিবেদন

(১) প্রতিষ্ঠানের নাম ..................................................................................................

(২) ঠিকানা...................................................................................................................

(৩) যোগাযোগের ঠিকান: ফোন............................ মোবাইল ........................................

(৪) পরিবেশ অধিদপ্তরের নিবন্ধনের ও ছাড়পত্র নম্বর এবং তারিখ..........................................

(৫) প্রকল্পের মোট বিনিয়োগ ........................................................................................

(৬) প্রকল্পের আয়তন ................................ নির্ধারিত প্রকল্প এলাকা ...............................

(৭) প্রতিদিন প্রকল্পের ধারণ ক্ষমতা ...............................................................................

(৮) চূর্ণ করা হইবে এমন ই-বর্জ্যের শ্রেণি (বিধিমালা মোতাবেক)...........................................

(৯) ই-বর্জ্য মজুদ পদ্ধতি ..........................................................................................

(১০) ই-বর্জ্য মজুদের পরিমাণ .....................................................................................

(১১) ই-বর্জ্য পরিত্যজন (disposal) পদ্ধতি .................................................................

(১২) দুর্ঘটনা সংঘটনের দিন ই-বর্জ্য প্রক্রিয়াজাতকরণের পরিমাণ ..........................................

(ক) সংগ্রহের পরিমাণ .......................................................................................

(খ) চূর্ণকরণের পরিমাণ ......................................................................................

(গ) উৎপাদনের পরিমাণ .....................................................................................

(ঘ) পুনঃব্যবহারোপযোগীকরণের পরিমাণ ...............................................................

(১৩) পরিবেশ দূষণ নিয়ন্ত্রণে গৃহীত ব্যবস্থাসমূহ (বিস্তারিত) ............................ (প্রয়োজনে স্বতন্ত্র পৃষ্ঠা সংযুক্ত করুন)

(১৪) তরল বর্জ্য প্রক্রিয়াকরণ পদ্ধতি (প্রযোজ্য ক্ষেত্রে):

(ক) Biological Waste Treatement .................................................................

(খ) Chemical Waste Treatement...................................................................

(গ) Mixed/hybrid waste water treatment........................................................

(ঘ) অন্যান্য ...........................................................................................................

(১৫) গ্যাসীয় বর্জ্য প্রক্রিয়াকরণ পদ্ধতি (প্রযোজ্য ক্ষেত্রে):

(ক) চিমনি (stack/Kiln) এর মাধ্যমে .................................................................

(খ) ধুলিকণা সংগ্রাহক (dust collector) .............................................................

(গ) স্ক্র্যাবার (scrubber) ...................................................................................

(ঘ) বৈদ্যুতিক থিতানো পদ্ধতি (Electrostatic Prcipitator) .......................................

(ঙ) বিষাক্ত গ্যাস পরিশোধক (Toxic Gas Filter) ....................................................

(চ) অন্যান্য ........................................................................................................

(১৬) কার্যক্রম পরিচালনার সময় দুর্ঘটনা ঘটিলে উহা হইতে পরিত্রাণের উপায় এবং দুর্ঘটনা প্রতিরোধে গৃহীত ব্যবস্থা.......................................................................................................

.......................................................................................................................

(১৭) শ্রমিকদের নিরাপত্তার জন্য গৃহীত ব্যবস্থা .......................................................................

.......................................................................................................................

(১৮) দুর্ঘটনা সংঘটনের তারিখ ও সময় ............................................................................

.......................................................................................................................

(১৯) দুর্ঘটনা সংঘটনের কারণ ও পূর্ণ বিবরণী: ...................................................................

.......................................................................................................................

আমি এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, উপরে বর্ণিত সকল তথ্য আমার বিশ্বাস ও জানা মতে সত্য এবং সঠিক।

তারিখ .......................... স্বাক্ষর ...........................................

নাম ................................

পদবি ..............................

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. পরিচালক, সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয়, পরিবেশ অধিদপ্তর।

২. দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা, স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থা।

৩. দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর সংশ্লিষ্ট কার্যালয়।

৪. দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা, সংশ্লিষ্ট কার্যালয়, বিস্ফোরক অধিদপ্তর।

৫. দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা, অন্যান্য সংশ্লিষ্ট সংস্থা/কার্যালয়।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জিয়াউল হাসান**, এনডিসি
সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত। মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd